গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।

**শ্রীবরদী উপজেলার আইসিটি সংক্রান্ত জুলাই/২০২৩ খ্রি. মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ইফতেখার ইউনুস<br>উপজেলা নির্বাহী অফিসার<br>শ্রীবরদী, শেরপুর |
| সভার স্থান | : | পরিষদ সম্মেলন কক্ষ (সোমেশ্বরী) |
| তারিখ | : | ১০/০৭/২০২৩ খ্রি: |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকায় |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। জাতির পিতার সোনার বাংলা গড়তে ও মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সুখী ও সমৃদ্ধ করতে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই বলে তিনি জানান। তিনি আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার ধারা অব্যাহত রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন।

২। সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব আশরাফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণঃ** উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়ন হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী, শেরপুর জানান যে, উপজেলার প্রধান ওয়েব পোর্টালটি ১০০% হালনাগাদ রয়েছে, এবং অধীনস্ত পোর্টাল সমূহের সম্পূর্ণতার হার ৮৭.৮%। এমতাবস্থায় প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তত্ত্বাবধানে ইউডিসি উদ্যোক্তাগণকে তথ্য হালনাগাদ করতে নির্দেশনা প্রদান করা হয়। | ১। প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।<br><br>২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের তত্ত্বাবধায়নে ইউডিসি উদ্যোক্তাগণ স্ব স্ব ইউনিয়নের তথ্য বাতায়নে হালনাগাদ করবে। | ১। দপ্তর প্রধান (সকল) এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।<br><br>২। উদ্যোক্তা (সকল) |
| ২.০ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ<br>ক) শ্রীবরদী উপজেলার পূর্বতন ০৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে।<br>খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) এর আওতায় ০৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। ল্যাপটপ, এল ই ডি ডিসপ্লে সহ অধিকাংশ মালামাল প্রকল্প দপ্তর হতে শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে। প্রিন্টার ও স্ক্যানার প্রকল্প দপ্তর হতে এখনো শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়নি বলে সভায় জানানো হয়। এ বিষয়ে প্রকল্প দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>গ) ১ টি প্রতিষ্ঠানে স্কুল অফ ফিউচার নির্মানের কাজ চলমান রয়েছে। স্কুল অফ ফিউচার নির্মাণ প্রকল্পের আওতায় ইতোমধ্যে প্রতিষ্ঠানটিতে ৬ টি স্মার্ট প্যানেল, ৪টি ডেস্কটপ কম্পিউটার, ৫ টি ফিঙ্গার প্রিন্ট ডিভাইস ,ডিজিটাল আইডি কার্ড ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।<br>ঘ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় ২০ জন করে ২ টি ব্যাচে "আইসিটি ইন ইডুকেশন লিটারেসি, ট্রাবলশুটিং ও মেইনটেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ আগামী ২০ জুলাই হতে শুরু হতে যাচ্ছে।<br>সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ, পরিচালনা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।তথ্য যোগাযোগ প্রযুক্তি | ১। ল্যাবের যথাযথ ব্যবহার ১০০% নিশ্চিত করতে সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,একাডেমিক সুপারভাইজারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>২। নতুন ল্যাবের ল্যাপটপ গুলো চালু করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, শ্রীবরদী<br><br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও একাডেমিক সুপারভাইজার<br><br>৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শ্রীবরদী |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অধিদপ্তর থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ৩.০ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) উপজেলা নির্বাহী অফিসসহ পাঁচটি দপ্তর ই নথিতে লাইভে রয়েছেন এবং দপ্তর সমূহে ই নথি কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) শ্রীঘ্রই উপজেলা পর্যায়ের অফিস সমূহে কর্মকর্তা/কর্মচারীদের ডি নথি প্রশিক্ষণ আয়োজন করা হবে। | ১। যে সকল দপ্তর ই নথি সিস্টেমে লাইভ রয়েছেন সে সকল দপ্তরের দপ্তর প্রধানগন নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালনা করবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ৪.০ | **উপজেলা/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম ও এক সেবাতে আয়ের তথ্য হালনাগাদ সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ<br>ক) উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে এবং জন্ম-মৃত্যু নিবন্ধন সহ বিভিন্ন নাগরিক সেবা প্রদান করা হচ্ছে। উদ্যোক্তাগণ একসেবায় সেবাসমূহ ও আয়-ব্যয়ের তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করছেন। এবং তাদের আয় গ্রোথ ফেজ/ডেভলপমেন্ট ফেজে রয়েছে।<br>১লা জুন থেকে ৩০ জুন পর্যন্ত রিপোর্টঃ<br>মোট সেবাঃ ১৪২৫ টি<br>মোট আয়ঃ ১৬,৩৫৬/-<br>খ) উপজেলার ইউডিসি গুলোতে রক্ষিত ইলেক্ট্রনিক ডিভাইস (কম্পিউটার, প্রিন্টার,স্ক্যানার,প্রজেক্টর) সমূহ সঠিকভাবে ব্যবহার ও যথাযথ রক্ষণাবেক্ষন প্রসঙ্গে আলোচনা হয়। | ১। একসেবাতে সকল উদ্যোক্তাদের মাসিক আয়ের তথ্য প্রতি মাসে হালনাগাদ করতে নির্দেশনা প্রদান করা হয়।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রক্ষিত মেরামত যোগ্য মালামাল উদ্যোক্তাদের মাধ্যমে সার্ভিসিং এর ব্যবস্থা করতে অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। উদ্যোক্তা (সকল) |
| ৫.০ | **সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়কঃ**<br>সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের মাধ্যমে জনগনকে সচেতন করা, সরকারী কার্যক্রমের প্রচার ও প্রসার এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়। সাইবার অপরাধের বিস্তার রোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের পাশাপাশি আইনের প্রয়োগ ও এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট সকলে |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৭/২০২৬

(ইফতেখার ইউনুস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং – ৫৬.০৪.৮৯৯০.০০০.০৬.০০১.২২-

১। মাননীয় সংসদ সদস্য ১৪৫, শেরপুর -৩।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, শেরপুর।।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শেরপুর।
৬ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
৭। প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, শেরপুর।
৮। ..........................................................................................।
৯। অফিস নথি।

২০/০৭/২০২৬

(আশরাফুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
শ্রীবরদী,শেরপুর।

CamScanner